গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর
গণমাধ্যমের সাথে সমন্বয় ও উন্নত সেবা প্রদান প্রকল্প
১১২, সার্কিট হাউজ রোড, তথ্য ভবন, রমনা, ঢাকা

# গণমাধ্যমের সাথে সমন্বয় ও উন্নত সেবা প্রদান প্রকল্পের সংক্ষিপ্ত ধারণাপত্র।

সরকারের শীর্ষ প্রচার ব্যবস্থাপনা ও সমন্বয়কারী প্রতিষ্ঠান তথ্য অধিদফতর। এ অধিদফতরের অন্যতম প্রধান কাজগুলো হলো:

- সরকারের উন্নয়ন কর্মকান্ড নীতি ও কার্যক্রমের যাবতীয় সংবাদ প্রচার করা।
- প্রকাশিত সংবাদের ভিত্তিতে সংবাদ গতি ধারা (Press Trend) প্রস্তুত করে সরকারকে অবহিত করা।
- গণমাধ্যমে প্রকাশিত সংবাদ সংরক্ষণ (আর্কাইভিং)।
- সাংবাদিকদের পেশাগত সহায়তা প্রদান তথা সরকারি প্রচার কাজে সহায়তা করা।

বর্তমানে দেশে গণমাধ্যম ব্যাপক বিস্তার লাভ করছে। প্রিন্ট মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়ার বিস্তার ঘটেছে ব্যাপক। বর্তমানে সরকারি বেসরকারি মিলিয়ে ৩৪ টি টেলিভিশন সম্প্রচার হচ্ছে। এছাড়া ২২ টি এফ এম রেডিও স্টেশন এবং ১৮ টি কমিউনিটি রেডিও থেকে অনুষ্ঠান ও সংবাদ প্রচার হচ্ছে। ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার পর সোশ্যাল মিডিয়ার বিস্তৃতি ক্রমশ: বৃদ্ধি পাচ্ছে। অনলাইন নিউজ পোর্টাল, আইপিটিভি এর ইন্টারনেট রেডিও নিবন্ধনের জন্য প্রায় সাড়ে তিন হাজার জমা পড়েছে।

সরকারি সংস্থা হিসেবে তথ্য অধিদফতরের সামগ্রিক কাজকে ত্বরান্বিত করতে এবং দক্ষভাবে পরিচালনার জন্য একটি সহজলভ্য তথ্য ভান্ডারের খুবই গুরুত্বপূর্ণ। আর এ তথ্য ভান্ডার ডিজিটাল হওয়াই সময়োপযুগি। এর ফলে আকাঙ্ক্ষিত কাজ দ্রুত, সময়মতো বা যথাযথভাবে সম্পন্ন করতে সক্ষম হবে।

বর্তমান সময়ে গণমাধ্যমে বিশেষ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব বা মিথ্যা তথ্য প্রচারের কার্যক্রম ব্যাপকভাবে পরিলক্ষিত হচ্ছে। গুজব বা মিথ্যা তথ্য প্রচারের কার্যক্রম সমাজ এবং রাষ্ট্রের জন্য ভয়ংকর বিপদ সৃষ্টি করছে। সনাতন পদ্ধতি বা ম্যানুয়ালি এ সমস্ত গুজব প্রচার শনাক্তকরণ এবং তা ছড়িয়ে পড়া রোধ করা সম্ভব নয়। তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এ কাজটি ফলপ্রসূভাবে করা সম্ভব। এ সকল কারণেই তথ্য অধিদফতরের জন্য তথ্য প্রযুক্তি নির্ভর আধুনিক সংরক্ষণ ব্যবস্থা বা ডিজিটাল আর্কাইভিং ব্যবস্থা খুব দ্রুত স্থাপন করা প্রয়োজন।

এ প্রকল্পে বর্ণিত এই প্রযুক্তিটি একটি ওয়েব ক্লায়েন্টের মাধ্যমে যে কোনও অবস্থান থেকে তথ্যটিকে সহজেই খুঁজে পাবে এবং সেই তথ্য একাধিক ডিভাইসের মাধ্যমে ব্যবহার করা সম্ভব হবে। এই আধুনিক প্রযুক্তিটি মূল প্রকাশনার প্রতিটি পৃষ্ঠার প্রতিটি তথ্য বিষয়কে হুবহু ডিজিটাল অনুলিপি হিসাবে রূপান্তর করবে। ডিজিটাল আর্কাইভিং সফ্টওয়্যারটি মূল সংবাদপত্রের চেহারা এবং অনুভূতি ধরে রাখার সাথে তা প্রকাশকের মূল কপিরাইটটিও সংরক্ষণ করবে। এর মাধ্যমে যে কোন দেশীয় এবং আন্তর্জাতিক সংবাদ ডিজিটাল পদ্ধতিতে

সুচারুরূপে সংরক্ষণ বা আর্কাইভ করা যাবে এবং প্রয়োজন মতো তা ব্যবহার করা যাবে। সকল গণমাধ্যমের সংবাদ গতি ধারা সহজেই বিশ্লেষণ করা যাবে। এটি বাংলাদেশের তথ্য সুরক্ষা নিশ্চিত করবে।

আলোচ্য প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি ২০২১-২০২২ অর্থ বছরের অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত ছিল। প্রকল্পের উপর ০৫.১২.২০১৯ তারিখ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রকল্প যাচাই কমিটির সভায় পর্যালোচনা করে বাস্তবায়নের সুপারিশ করা হয়। অর্থ বিভাগে ০১.১২.২০২০ তারিখে উন্নয়ন প্রকল্পে জনবল নির্ধারণ কমিটির সভায় প্রকল্পের জনবল নির্ধারণ করা হয়েছে। নিম্নে প্রকল্প সংক্রান্ত তথ্যাবলী উপস্থাপন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | : | গণমাধ্যমের সাথে সমন্বয় ও উন্নত সেবা প্রদান প্রকল্প |
| ২ | বাস্তবায়নকারী সংস্থা | : | তথ্য অধিদফতর |
| ৩ | পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদন | : | ৩১ মে, ২০২২ খ্রি. |
| ৪ | প্রশাঃ মন্ত্রণালয়ের অনুমোদন | : | ১৯ জুন, ২০২২ খ্রি. |
| ৫ | প্রকল্পের মেয়াদকাল | : | জুলাই, ২০২২ থেকে জুন, ২০২৫ খ্রি. |
| ৬ | বরাদ্দ | : | ৪৮১৭.৩৯ লক্ষ টাকা |
| ৮ | প্রকল্পের উদ্দেশ্য | : | ১) মিডিয়া আর্কাইভিং এন্ড ডেভেলপমেন্ট এনালাইসিস সিস্টেম (সফটওয়্যার, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ও হার্ডওয়্যার) স্থাপন করা।<br>২) বাংলাদেশের সকল সোশ্যাল মিডিয়া, অনলাইন নিউজ পোর্টাল এবং টিভি চ্যানেল ভিত্তিক সংবাদসমূহের নিয়মিত আর্কাইভিং এবং এনালাইসিস এর মাধ্যমে নিজস্ব ডিজিটাল আর্কাইভিং ব্যবস্থায় সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণ করা।<br>৩) আধুনিক প্রযুক্তি ব্যবহার করে নিয়মিত নির্দিষ্ট তথ্য ভিত্তিক রিপোর্ট প্রণয়ন করা।<br>৪) রাষ্ট্র ও জনস্বার্থ বিরোধী গুজব ও অপপ্রচার সনাক্তকরণ এবং তা ছড়িয়ে পড়া রোধে সঠিক তথ্যভিত্তিক কন্টেন্ট প্রস্তুতকরণ। |
| | প্রকল্পের কার্যক্রম | : | ক) ভিডিও ও নিউজ আর্কাইভ করা;<br>খ) প্রতি মাসে প্রায় ৮০ টেরাবাইট ভিডিও প্রসেস করা;<br>গ) প্রতি মাসে কমপক্ষে ৩০টি নির্বাচিত অনলাইন নিউজ পোর্টালের নিউজ আর্কাইভ করা;<br>ঘ) বিভিন্ন ধরণের Key Point এর ভিত্তিতে বিভিন্ন রিপোর্ট প্রণয়ন, যাতে সার্বিক মিডিয়ার উন্নয়ন সাধন হয়;<br>ঙ) প্রতি সপ্তাহে ১টি সাপ্তাহিক রিপোর্ট প্রণয়ন;<br>চ) প্রতি মাসে ১টি সার্বিক রিপোর্ট প্রণয়ন;<br>ছ) প্রজেক্টের সাফল্য/সার্বিক অগ্রগতি পর্যালোচনা করা;<br>জ) প্রয়োজনের ভিত্তিতে অ্যাপ্লিকেশন এর উন্নয়ন ও পরিবর্ধন;<br>ঝ) প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা করে ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা |

| | | | |
|---|---|---|---|
| | | | নির্ধারণ।<br>প্রকল্পের মনিটরিং ব্যবস্থাপনায় ২ শিফটে ৫০ জন আইটি স্পেশালিস্ট কাজ করবেন। সার্বিক দেখভালের জন্য ১ জন পরামর্শক থাকবেন। |
| | প্রকল্পের বাস্তবায়ন ব্যবস্থাপনা | : | প্রকল্পটি সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প পরিচালকের নেতৃত্বে একটি পিআইইউ (Project Implementation Unit) স্থাপন করা হবে। উক্ত পিআইইউ এর প্রধান হবেন প্রকল্প পরিচালক।<br>প্রকল্পে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কনসালটেন্ট (খন্ডকালীন) নিয়োগ করা হবে। তথ্য অধিদফতরের পর্যাপ্ত কারিগরি জনবল না থাকায় আর্কাইভ স্থাপন, পরিচালন এবং প্রতিবেদন প্রণয়নের কাজটি প্রাথমিকভাবে নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান, প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের তত্ত্বাবধানে শুরু করবে।<br>পরবর্তীতে আর্কাইভ পরিচালনা ও প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসার (পিআইও) কর্তৃক মনোনীত কর্মকর্তাদের সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান নিজ খরচে প্রয়োজনীয় বেসিক প্রশিক্ষণ প্রদান করবেন।<br>প্রধান তথ্য কর্মকর্তা, প্রকল্প পরিচালকসহ পিআইইউ কে প্রয়োজনীয় সকল সহায়তা ও দিক-নির্দেশনা প্রদান করবেন।<br>প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রধান তথ্য অফিসারের নেতৃত্বে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (Project Implementation Committee) থাকবে। এই কমিটি প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করবেন। |

প্রকল্পের কর্মকর্তাবৃন্দ

| কর্মকর্তার ছবি | কর্মকর্তার নাম, পদবি | যোগাযোগ |
|---|---|---|
|  | মোঃ মমিনুল হক<br>সিনিয়র ইনফরমশন অফিসার<br>উপপ্রকল্প পরিচালক | কক্ষ নং ১৩০২<br>তথ্য ভবন, ১১২ সার্কিট হাউজ রোড,<br>কাকরাইল, রমনা, ঢাকা<br>মোবাইলঃ ০১৭১১১৭৬১১০<br>ইমেইলঃ<br>betterservicecoordinationmedia@gmail.com |
|  | মোছা: আফরোজা নাইচ রিমা<br>সিনিয়র ইনফরমশন অফিসার<br>উপপ্রকল্প পরিচালক | কক্ষ নং ১৩০২<br>তথ্য ভবন, ১১২ সার্কিট হাউজ রোড,<br>কাকরাইল, রমনা, ঢাকা<br>মোবাইলঃ ০১৭১২৪৬২৬৭৫<br>ইমেইলঃ nice_du@yahoo.com,<br>betterservicecoordinationmedia@gmail.com |